



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮

ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

অভিযোগ নং-সুয়ামটো ঢা.৪১/২২

অভিযোগকারী -

জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

প্রতিপক্ষ -

| ক্রমিক<br>নং | তারিখ      | আদেশ  | মন্তব্য |
|--------------|------------|---|---------|
| ০১           | ২৮/১২/২০২২ | <p>গত ২৮ ডিসেম্বর ২০২২ তারিখ দৈনিক আমাদের সময় পত্রিকায় “মেয়েকে কটুক্তির প্রতিবাদ করায় বাবাকে হত্যা” শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।</p> <p>প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, মেলান্দহ উপজেলায় মেয়েকে কটুক্তির প্রতিবাদ করায় বাবাকে হত্যা করা হয়েছে। গত ২৭ ডিসেম্বর দুপুরে মেলান্দহ পৌর শহরের নয়ানগর মধ্যপাড়া গ্রামে এ ঘটনা ঘটে। এ ঘটনায় তিনজনকে আটক করেছে পুলিশ। নিহতের নাম মানিক মিয়া। তিনি পৌর শহরের নয়ানগর মধ্যপাড়া গ্রামের বাসিন্দা। পেশায় মাছ ব্যবসায়ী ছিলেন। আটককৃতরা হলেন- মো. কাশেদ মিয়া, তার স্ত্রী পারভীন বেগম ও কাশেদ মিয়ার বন্ধু বেলায়েত হোসেন। পুলিশ সূত্রে জানা যায়, দুপুর সাড়ে ১২টার দিকে পৌর শহরের নয়ানগর মধ্যপাড়া গ্রামের কাশেদ মিয়ার ছেলে একই এলাকার মানিক মিয়ার মেয়েকে কটুক্তি করে। বিষয়টি জানতে পেরে বাবা মানিক মিয়া নালিশ দিতে কাশেদ মিয়ার বাড়িতে যান। তিনি ওই বাড়িতে গিয়ে মেয়েকে কটুক্তির প্রতিবাদ করেন। এ নিয়ে উভয়পক্ষের মধ্যে ঝগড়া লাগে। একপর্যায়ে রড দিয়ে মানিক মিয়ার মাথায় আঘাত করেন কাশেদ মিয়া। এতে ঘটনাস্থলে মানিক মিয়ার মৃত্যু ঘটে। খবর পেয়ে দুপুরে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জামালপুর জেনারেল হাসপাতালের মর্গে পাঠায় পুলিশ। একই সঙ্গে ঘটনায় জড়িত অভিযোগে তিনজনকে আটক করে। মেলান্দহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. দেলোয়ার হোসেন বলেন, এ ঘটনায় থানায় হত্যা মামলার প্রস্তুতি চলছে।</p> <p>মেয়েকে কটুক্তির প্রতিবাদ করায় বাবাকে রড দিয়ে আঘাত করে হত্যার ঘটনাটি অত্যন্ত অমানবিক ও মানবাধিকারের লঙ্ঘন মর্মে কমিশন মনে করে। এমতাবস্থায়, উক্ত ঘটনায় মামলা দায়ের করা হয়ে থাকলে দায়েরকৃত মামলার সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন কমিশনে প্রেরণ করতে পুলিশ সুপার, জামালপুর-কে নির্দেশনা দিয়ে অভিযোগটি নথিভুক্ত করা হল।</p> <p>স্বাক্ষরিত/-<br/>ড. কামাল উদ্দিন আহমেদ<br/>চেয়ারম্যান<br/>জাতীয় মানবাধিকার কমিশন</p> |         |


স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়ামটো ঢা.৪১/২২- ৪০৭৫

তারিখ: ২৮/১২/২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

পুলিশ সুপার, জামালপুর

সংযুক্তঃ ফর্দ।

  
(সুমিতা পাইক)  
উপপরিচালক

ফোন:-০২-৫৫০১৩৭২১